

উম্মতে মুহাম্মদীর মর্যাদা

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ **উম্মতে মুহাম্মদীর মর্যাদা**

সুরা বাকারার ১৪৩ নম্বর আয়াতে বলা হয়েছে এভাবে আমি তোমাদেরকে আদর্শ সত্যনিষ্ঠ জাতি হিসাবে প্রতিষ্ঠিত করেছি, যাতে তোমরা মানবজাতির জন্য সাক্ষী হও এবং রাসুল তোমাদের জন্য সাক্ষী হয়।

কিয়ামতের দিন নূহ(আঃ)-কে ডাকা হবে এবং তাকে জিজ্ঞেস করা হবেঃ তুমি কি আমার বার্তা আমার বান্দাদের নিকট পৌঁছে দিয়েছিলে? তিনি বলবেনঃ হ্যাঁ প্রভু! আমি পৌঁছে দিয়েছি। অতঃপর তার উম্মতকে ডাকা হবে এবং জিজ্ঞেস করা হবেঃ নূহ কি তোমাদের নিকট আমার বাণী পৌঁছে দিয়েছিল? তারা স্পষ্টভাবে অস্বীকার করবে এবং বলবেঃ আমাদের নিকট কোন ভয় প্রদর্শক আসেন নি। তখন নূহ(আঃ) কে বলা হবে তোমার উম্মত তো অস্বীকার করেছে, সুতরাং তুমি সাক্ষী হাজির কর, তখন তিনি বলবেনঃ হ্যাঁ মুহাম্মদ(সাঃ) ও তাঁর উম্মত আমার সাক্ষী। এজন্যই আল্লাহ তা'য়লা বলেনঃ এজন্যই আমি তোমাদেরকে সত্যনিষ্ঠ জাতি বানিয়েছি। রাসুল(সাঃ) বলেনঃ “ওয়াসাত” অর্থ আদল ও ন্যায় নীতি সম্পন্ন। নূহ(আঃ) তার প্রতি প্রেরিত বাণী যথাযথ পৌঁছিয়েছেন তার সাক্ষী হিসাবে তোমাদেরকে ডাকা হবে এবং তোমাদের সাক্ষী আমি প্রত্যায়ন করবো। (আহমদ ৩/৩২, তিরমিযী ৮/২৯৭, নাসায়ী ৬/২৯২, ইবনে মাজাহ্ ২/১৪৩২)

clickhere<http://www.morningbrightness.fi/>
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

প্রিয় ভাই ও বোনেরা, আল্লাহ ও তাঁর রাসুলের পথ ঠিকঠাক মত পালন করার অর্থই হল সঠিক সাক্ষ্য দেয়া। আল্লাহ আমাদেরকে সত্য ও ন্যায়ের সাক্ষী দেয়ার তৌফিক দান করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু।

.....

clickhere<http://www.morningbrightness.fi/>
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>